



নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-২৭.৩১.০০০০.৩০০.৫২.০০১.১৭.৫১, তারিখ : ১৩/০২/২০১৮ খ্রিঃ।

বি-আর পাওয়ারজেন লিঃ একটি পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে বিদ্যুৎ উৎপাদন কাজে নিয়োজিত। কোম্পানির মিরসরাই ১৫০ মেঃ ওঃ ডুয়েল ফুয়েল (HFO/Gas) ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এর বিপরীতে প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিম্নে পদের নাম, পদের সংখ্যা, প্রয়োজনীয় যোগ্যতা এবং বেতন উল্লেখ করা হলো :

ক্রঃ নং	পদের নাম ও মাসিক মূল বেতন	পদের সংখ্যা	প্রয়োজনীয় শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতা
১।	নির্বাহী প্রকৌশলী (৯১,০০০.০০ টাকা)	১ জন	১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে তড়িৎ/তড়িৎ ও বৈদ্যুতিক/যান্ত্রিক প্রকৌশল-এ কমপক্ষে স্নাতক। ২. সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৮ বছরের কর্ম অভিজ্ঞতা তন্মধ্যে উৎপাদন ইউটিলিটিতে উপ-বিভাগীয় প্রকৌশলী অথবা সমপদমর্যাদায় ৪ (চার) বছরের অভিজ্ঞতা।
২।	উপ-বিভাগীয় প্রকৌশলী (৭০,০০০.০০ টাকা)	১ জন	১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে তড়িৎ/তড়িৎ ও বৈদ্যুতিক/যান্ত্রিক প্রকৌশল-এ কমপক্ষে স্নাতক। ২. সংশ্লিষ্ট ক্ষেত্রে সহকারী প্রকৌশলী হিসেবে কমপক্ষে ৫ বছরের কর্ম অভিজ্ঞতা; তন্মধ্যে, উৎপাদন ইউটিলিটিতে ২ (দুই) বছরের অভিজ্ঞতা।
৩।	সহকারী প্রকৌশলী (৫২,০০০.০০ টাকা)	ইলেকট্রিক্যাল-১ জন মেকানিক্যাল-১ জন পূর্ত-১ জন	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে তড়িৎ/তড়িৎ ও বৈদ্যুতিক/যান্ত্রিক/পূর্ত প্রকৌশল-এ কমপক্ষে স্নাতক।
৪।	উপ-সহকারী প্রকৌশলী (৪০,০০০.০০ টাকা)	ইলেকট্রিক্যাল-১ জন মেকানিক্যাল-২ জন	যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে তড়িৎ/যান্ত্রিক-এ ডিপ্লোমা।
৫।	ছনিয়র সহকারী ম্যানেজার (এইচ আর) (৪০,০০০.০০ টাকা)	১	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মানবসম্পদ ব্যবস্থাপনা/ব্যবস্থাপনা অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতক।
৬।	ছনিয়র সহকারী ম্যানেজার (অর্থ ও হিসাব) (৪০,০০০.০০ টাকা)	১	যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতক।
৭।	অফিস সহকারী (২৩,০০০.০০ টাকা)	১	যে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে স্নাতক অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৫ বছরের কর্ম অভিজ্ঞতাসহ এইচএসসি।
৮।	অফিস সহায়ক (১৫,৫০০.০০ টাকা)	৩	এসএসসি অথবা সমমান।
৯।	বাবুর্চি (১৫,৫০০.০০ টাকা)	১	এসএসসি অথবা সমমান। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা।

শর্তাবলী :

- ইচ্ছুক আবেদনকারীগণকে www.brpowergen.org.bd হতে Application Form সংগ্রহপূর্বক প্রকল্প পরিচালক, মিরসরাই ১৫০ মেঃ ওঃ ডুয়েল ফুয়েল (HFO/Gas) ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প, ঢাকা স্কয়ার, বাড়ী নং-০১ (৪র্থ তলা), রোড নং-১৩, সেক্টর-০১, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ এর বরাবর আবেদন করতে হবে।
- আবেদন করার শেষ তারিখ ও সময়ঃ ০৮ মার্চ, ২০১৮ খ্রিঃ, বিকাল ০৫:০০ ঘটিকা। বি-আর পাওয়ারজেন লিঃ, ঢাকা স্কয়ার, বাড়ী নং-০১ (৪র্থ তলা), রোড নং-১৩, সেক্টর-০১, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ঠিকানায় ডাকযোগে অথবা হাতে হাতে আবেদনপত্র পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ১ নং ক্রমিকের পদের সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর ও ২ নং ক্রমিকের পদের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। অবশিষ্ট পদসমূহের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর (২৮ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখে) ও প্রার্থীগণ মুক্তিযোদ্ধার সন্তান হলে বয়সসীমা ৩২ বছর (২৮ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখে)।
- নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থী/প্রার্থীদেরকে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য নিয়োগ প্রদান করা হবে। তবে কর্মসম্পাদনের মান, দক্ষতা ও কাজের প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়োগের মেয়াদ প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত বর্ধিত করা যেতে পারে।
- শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন পর্যায়েই তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে পরীক্ষায় উত্তীর্ণ ১ নং হতে ৬ নং ক্রমিকে বর্ণিত পদসমূহের ক্ষেত্রে জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ৩.০ ও ৪.০ স্কেলে ন্যূনতম ২.৫০ এবং ৭ থেকে ৯ নং ক্রমিকের জিপিএ/সিজিপিএ ৫.০ স্কেলে ন্যূনতম ২.৫০ ও ৪.০ স্কেলে ন্যূনতম ২.২৫ থাকতে হবে।
- ১ হতে ৬ নং ক্রমিকের আবেদনকারীগণের নেতৃত্ব দানের ক্ষমতা থাকতে হবে এবং যোগাযোগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে পারদর্শী হতে হবে।
- সকল পদের আবেদনকারীগণকে কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
- আবেদনের জন্য আবেদন ফি বাবদ ক্রমিক নং ১ ও ২ পদের বিপরীতে ৭০০.০০ (সাতশত) টাকা, ক্রমিক নং ৩ হতে ৬ পর্যন্ত পদের বিপরীতে ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং ৭ হতে ৯ পদের বিপরীতে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা 'বি-আর পাওয়ারজেন লিঃ' এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক (সাক্ষাৎকার) পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত তার শিক্ষাগত যোগ্যতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স ও অন্যান্য তথ্য অসম্পূর্ণ/অসত্য/অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে, নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে তা প্রার্থীতা বাতিল করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মাহবুব কবির)
প্রকল্প পরিচালক (তত্ত্বাঃ প্রকৌঃ)
বি-আর পাওয়ারজেন লিঃ।